# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৬০]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৫৫: সময় চলে গেলে জামা'আতে পুনঃ সালাত আদায় করা

إعادة الصلاة بعد ذهاب وقتها مع الجماعة

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، وَمُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ صُدْرَانَ، وَاللَّفْظُ لَهُ، عَنْ خَالِدِ بْنِ الْحَارِثِ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ بُدَيْلٍ، قال: سَمِعْتُ أَبَا الْعَالِيَةِ يُحَدِّثُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ، عَنْ أَبِي ذَرٍّ، قال: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَضَرَبَ فَخِذِي كَيْفَ أَنْتَ إِذَا بَقِيتَ فِي قَوْمٍ يُؤَخِّرُونَ الصَّلَاةَ عَنْ وَقْتِهَا قَالَ: مَا تَأْمُرُ قَالَ: صَلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا ثُمَّ اذْهَبْ لِحَاجَتِكَ فَإِنْ أُقِيمَتِ الصَّلَاةُ وَأَنْتَ فِي الْمَسْجِدِ فَصَلِّ .

تخريج دارالدعوه: انظر حديث رقم:٧٧٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 860 - صحيح

বাংলা

৮৫৯. মুহাম্মাদ ইবনু আবদুল আ’লা ও মুহাম্মাদ ইবনু ইব্রাহীম ইবনু সুদরান (রহ.) □□□□. আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমার উরুদেশে হাত রেখে বললেন, যদি তুমি এমন লোকের মধ্যে বেঁচে থাক যারা ঠিক সময় হতে সালাতকে পিছিয়ে দিবে, তখন তুমি কি করবে? তিনি বললেন, আপনি কি করতে নির্দেশ দেন। তিনি (সা.) বললেন, তুমি সময় মতো সালাত আদায় করে নিবে। তারপর তোমার প্রয়োজনে যাবে যদি সালাত শুরু হয় আর তুমি মসজিদে থাক তাহলে সালাত আদায় করে নিবে।

## English

55. Repeating A Prayer With A Congregation After The Time For It Is Over.

It was narrated that Ahu Dharr said: The Messenger of Allah (ﷺ) said to me,

and struck my thigh: 'What will you do if you stay among people who delay the prayer until its time is over?' He said: 'What do you command me to do?' He said: 'Offer the prayer on time, then go about your business. Then if the Iqamah for that prayer is said and you are in the Masjid, then pray.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৬৪৮, বুখারী'র "আদাবুল মুফরাদ ৯৫৪, সহীহ ইবনু খুযায়মাহ (৩/৬৬), হাঃ ১৬৩৯৭, ইরওয়াউল গালীল ৪৮৩। [দ্রঃ ৭৭৮]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি 🞎 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87233

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন